# পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরী কমিটির তৃতীয় সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরী কমিটির তৃতীয় সভা বিগত ২৭/০১/২০১৪ তারিখে ২:৩০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান) মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ওয়ারপোর কারিগরী কমিটির সম্মানিত চেয়ারম্যান জনাব উজ্জ্বল বিকাশ দত্ত, সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান) মহোদয় সভাপতিত্ব করেন। সভায় কারিগরী কমিটির সম্মানীত সদস্যগণ বা সদস্যগণের পক্ষে যে সকল প্রতিনিধি উপস্থিত ছিলেন তা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে উক্ত কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ সহিদুর রহমান, মহাপরিচালক, ওয়ারপো সভার প্রেক্ষাপট সম্পর্কে সকলকে অবহিত করেন।

অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহের উপস্থাপানের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করেন। এ পর্যায়ে সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করেন।

**আলোচ্যসূচী-১ : কারিগরী কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

**আলোচনা:**
কারিগরী কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দ্বিতীয় সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সদস্য অনুমোদনের জন্য সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: কারিগরী কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী অনুমোদন করা হলো।**

**আলোচ্যসূচী-২ : কারিগরী কমিটির দ্বিতীয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন**

**আলোচনা:**
কারিগরী কমিটির দ্বিতীয় সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত: কারিগরী কমিটির দ্বিতীয় সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে ওয়ারপোর পদক্ষেপে সন্তোষ প্রকাশ করা হয়।**

**আলোচ্যসূচী-৩ : পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর পরিচালনা বোর্ড ও কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি সম্পাদন; এবং ওয়ারপো'র উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ বিধিমলা-২০১৪ এর বিষয়ে সুপারিশ প্রদান**

**আলোচনা:**
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর পরিচালনা বোর্ড ও কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি এবং ওয়ারপোর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ বিধিমালা ২০১৪ এর উপর বিশদ আলোচনা ও পরীক্ষা নিরীক্ষা পূর্বক নিম্নলিখিত সংশোধনী সুপারিশ করা হয়।

**(১) পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি**

(ক) পানি সম্পদ পরিকল্পনা সংস্থা আইন, ১৯৯২ শব্দগুলি "পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) ৭ এর (১১) নং ক্রমিকে বর্ণিত "আন্তঃসংস্থা দ্বন্দ্ব নিরসনে বোর্ড কারিগরী কমিটিকে সহায়তা প্রদান করিবে। শব্দগুলি "আন্তঃসংস্থা দ্বন্দ্ব নিরসনে বোর্ড কারিগরী কমিটিকে দিক নির্দেশনা প্রদান করিতে পারিবে" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(গ) ১০ নং ক্রমিকে বর্ণিত "সংস্থা প্রতিবছরান্তে বার্ষিক, আর্থিক বিবরণী ও সংস্থার সম্পাদিত কার্যাবলী সরকারের নিকট পেশ করার পূর্বে বোর্ড কর্তৃক পর্যালোচিত হইবে" শব্দগুলির পরিবর্তে "সংস্থা প্রতি বৎসরান্তে তার কার্যাবলীর উপর প্রণীত বার্ষিক প্রতিবেদন ও আর্থিক বিবরণী বোর্ডের অনুমোদনক্রমে সরকারের নিকট পেশ করিবে" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

সিদ্ধান্ত: ওয়ারপোর পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতিতে উপরোক্ত সংশোধনীসমূহ আনয়ন পূর্বক খসড়া পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

**(২) কার্যনির্বাহী পরিষদের সভার কার্যপদ্ধতি**

(ক) "পানি সম্পদ পরিকল্পনা সংস্থা আইন, ১৯৯২" শব্দগুলি "পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) ৪ এর (৫) নং ক্রমিকে বর্ণিত শব্দগুলি "পরিষদের সকল দাপ্তরিক কাজ সংস্থার প্রশাসন ও অর্থ শাখা পালন করিবে" শব্দগুলির পরিবর্তে "পরিষদের সকল দাপ্তরিক কাজ সংস্থার প্রশাসন শাখা পালন করিবে" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(গ) ৫ এর (৩) নং ক্রমিকে বর্ণিত "পেশযোগ্য" শব্দটি "উপস্থাপনযোগ্য" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঘ) ৫ এর (৫) নং ক্রমিকে বর্ণিত "সকল" শব্দটি "সভার" শব্দটি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঙ) ৭ এর (২) নং ক্রমিকে বর্ণিত "মন্ত্রণালয়" এর পূর্বে "প্রশাসনিক" শব্দটি অন্তর্ভুক্ত করিতে হইবে।

(চ) ৮ এর (২) নং ক্রমিকে বর্ণিত "সংস্থার বার্ষিক প্রতিবেদন ও নিউজলেটার অনুমোদন করিবেন এবং যথাসময়ে প্রকাশের বিষয়ে নিশ্চিত হইবেন" শব্দগুলির পরিবর্তে "সংস্থার বার্ষিক প্রতিবেদন ও আর্থিক বিবরণী এবং নিউজলেটার অনুমোদন করিবে এবং যথাসময়ে প্রকাশের বিষয়ে নিশ্চিত হইবে"।

(ছ) ৮ এর (৩) নং ক্রমিকে বর্ণিত "সংস্থার স্বার্থসংশ্লিষ্ট ও সামগ্রিক পানি ব্যবস্থাপনায় সংস্থার ভূমিকা ও করণীয় নির্ধারণ করিবেন" এ লাইনের পরিবর্তে "সংস্থার সার্বিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে তার ভূমিকা ও করণীয় নির্ধারণ করিবে এবং সামগ্রিক পানি ব্যবস্থাপনায় সংস্থার ভূমিকা ও করণীয় নির্ধারণ করিবে"। লাইন দু'টি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(জ) ৮ এর (৪) "সংস্থার কার্যক্রম/কর্মপরিকল্পনা বাস্তবায়নে অর্থায়ন, অর্থ সংক্রান্ত নিরীক্ষা, আপত্তিসমূহ নিরসনে এবং সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের মানব সম্পদ উন্নয়নে সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবে" লাইনের পরিবর্তে "সংস্থার কার্যক্রম/কর্মপরিকল্পনা বাস্তবায়নে অর্থায়ন, অর্থ সংক্রান্ত নিরীক্ষা, আপত্তিসমূহ নিরসনে সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবে এবং সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের মানবসম্পদ উন্নয়নে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে" এ লাইন দু'টি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

সিদ্ধান্ত: ওয়ারপোর কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতিতে উপরোক্ত সংশোধনীসমূহ আনয়ন পূর্বক খসড়া পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

**(৩) ওয়ারপো'র উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা-২০১৪**

(ক) ২ নং ক্রমিকে (জ) "সংস্থার মহাপরিচালক আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে সম্পূর্ণ ক্ষমতাবান হইবে" অন্তর্ভুক্ত করিতে হইবে।

(খ) ৫ এর (১) নং ক্রমিকের পরিবর্তে (২) নং ক্রমিক (১) হইবে এবং (৩) নং ক্রমিক (২) হইবে।

(গ) ৫ এর (৩) "মহাপরিচালক ও ৫(১) নং অনুচ্ছেদে বর্ণিত সদস্যগণের মধ্য হতে যে কোন ১(এক) জনের যৌথ স্বাক্ষরে তহবিল হতে অর্থ উত্তোলন করা যাইবে" লাইনটি অন্তর্ভুক্ত করিতে হইবে।

সিদ্ধান্ত: ওয়ারপোর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা ২০১৪ এর উপরোক্ত সংশোধনীসমূহ আনয়ন পূর্বক খসড়া উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা ২০১৪ অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো।

**আলোচ্যসূচী-৪ : বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নে প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন, ওয়ারপো'র জনবল নির্ধারণ, বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আলোকে উপকূলীয় অঞ্চল নীতি ০০৫ এর আইনী কাঠামো প্রদান এবং বাংলাদেশ পানি আইন, ২০১৩ প্রতিষ্ঠাকরণে তথ্য-উপাত্ত ভান্ডার স্থাপন সংক্রান্ত কারিগরী সহায়তা প্রকল্প বিষয়ে মতামত ও সুপারিশকরণ।**

**আলোচনা:**

এসডিসি'র (Swiss Agency for Development and Cooperation) কারিগরী সহায়তায় সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নে বাংলাদেশ পানি আইন, ২০১৩ কার্যকরা করা শীর্ষক প্রকল্পের টিপিপি এর উপর বিশদ আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নে বাংলাদেশ পানি আইন, ২০১৩ কার্যকরা করা শীর্ষক প্রকল্পের টিপিপিটি অনুমোদনের সুপারিশ করা হলো।

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজের সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদুর রহমান)
মহাপরিচালক, ওয়ারপো
ও
সদস্য-সচিব
ওয়ারপোর কারিগরী কমিটি

(উজ্জ্বল বিকাশ দত্ত)
সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান)
পরিকল্পনা কমিশন
ও
চেয়ারম্যান
ওয়ারপোর কারিগরী কমিটি